Ananda Varta

BENGALI & ENGLISH



Vol. VIII November, 1960 No. 3

কীর্ত্তন রস-স্বরূপ

বিশেষ পরিবর্দ্ধিত নূতন সংস্করণ

মূল্য—ছয় টাকা।

বিশেষ ইতিহাস সহ শ্রীশ্রীমায়ের শ্রীমুখের সঙ্গীত, শ্রীশ্রীমায়ের স্বতঃস্ফূর্ত্ত সঙ্গীত, "দিদিমা" ও "ভাইজী" রচিত সঙ্গীত, আশ্রমে গীত নিত্য ভজন ও স্তব, বিশিষ্ট স্তব-স্তোত্রাবলী, লুপ্তপ্রায় কবিগান সকল, দেব দেবীর অষ্টোত্তর শতনাম ও বিভিন্ন প্রকারের ও বিভিন্ন রুচির সঙ্গীত, কীর্ত্তন ও ভজন লইয়া এই পুস্তকটির রচনা। ভক্তদের নিকট ইহা এক অমূল্য সম্পদ।

প্রচ্ছদপট বাঁধাই ও চিত্রাদির দিকে লক্ষ্য রাখিয়া পুস্তকটিকে সর্ব্বাঙ্গসুন্দর করিবার প্রচেষ্টা করা হইয়াছে। বাংলার সুধীসমাজে এই গ্রন্থটি অতি অল্প সময়েই বিশেষ সমাদৃত হইয়াছে।

Ānanda Vārtā

A quarterly journal dealing mainly with the divine life and teachings of Shree Shree Ma Anandamayee and with other religio-philosophical topics.



Board of Editors



Annual subscription (postage free) India—Rs. 5·00
Foreign—Rs. 6·00 or 10 shillings or dollars 1·25 only.

ĀNANDA VĀRTĀ

GENERAL RULES

1. The magazine is published in three separate editions—Hindi-English ; Bengali-English and purely English—in the beginning of the months of May, August, November and February. The year begins from May.

2. Subscriptions are always payable in advance. Foreign subscriptions may be sent either by International Money orders or Postal orders.

3. Subscriptions to be sent to :—

The General Secretary, Shree Shree Anandamayee Sangha, Bhadaini, Varanasi, (U.P.)

4. All correspondence regarding 'Ananda Varta' should mention without fail the subscription number and be addressed to :—

The Managing Editor, "Ananda Varta", Shree Shree Ma Anandamayee Ashram, Bhadaini, Varanasi, (U P.).

5. Complaints about non-receipt of the magazine should be sent *latest by the second week of the month of publication.*

6. Any change of address should be intimated to the Managing Editor at the earliest possible opportunity.

7. Subscribers are requested not to "dishonour" any issue of the magazine sent by V. P. P., as this entails a considerable loss to the Ashram fund. They may kindly inform us *beforehand* if they desire to discontinue subscribing to the magazine.

Contents.

BENGALI SECTION

Contents

English Section

Printed & Published by K. Bose for
Shree Shree Anandamayee Sangha, Varanasi,
at the Kamala Press, Godhowlia, Varanasi.

ĀNANDA VĀRTĀ

"অমর আত্মা—অমর-পন্থী স্বয়ম্—আপনাতে আপনি।"

VOL. VIII] NOVEMBER, 1960. [NO. 3

—মাতৃ-বাণী—

"তাঁহার জন্য কাঁদিলেই তাঁহাকে পাওয়া যায়।"

* * * *

"তাঁহার উপর যে নির্ভর করা এও তিনিই করাইবেন, তবেই ত তুমি করিতে পারিবে। পুরুষকার কাকে বলে? তিনি যা করান তাই পুরুষকার।"

* * * *

"জগতের শিশু হইতে চাও কেন? এমন শিশু হও যাহাতে আর বদলাইবে না। শিশুত্ব বদলাইবার কারণই হইল বাসনা।"

* * * *

"এই শরীর তন্ত্র-মন্ত্র কিছুই করে না। তান্ত্রিক ঐ সব ক্রিয়া কাহাকে বলে, কি করে সে সবের কোনও বালাই নাই। এখানে যে সকলের সঙ্গেই

আত্মিক সম্বন্ধ। এখানে ত আর আলাদা ঘর বাড়ী নাই। আর ঘর যদি বল সেই সীমাহীন একই।"

* * * *

"যাহার যেমন শক্তি সপ্তাহে একদিন যদি নাও হয় তবে অন্ততঃ মাসে বা পনের দিনে একদিন সংযমিত ভাবে থাকতে চেষ্টা করা। খাওয়া-দাওয়া, বলা-চলা, ঘোরা-ফেরা সব কিছুতেই সংযম। এই ভাবে ধীরে ধীরে এই ভাবটি রক্ষা করতে পারলে পরে বছরে দুই চার মাসও এই নিয়ম অনায়াসেই বা অল্পায়াসেই পালন করতে সক্ষম হবে। পরে হয়ত ধীরে ধীরে সর্ব্বদার জন্যই এই ভাবে প্রস্তুত হতে পারবে। যাতে নিজকে জানার দিকে গতি হবে। অসংযমের পরিণামে দুঃখ—মানে দূরের দিক।"

* * * *

"কষ্ট রূপেই বা কে? ভোগ নিয়ে নেওয়া এটা অন্য কথা। সব ক্রিয়া সবটাতে সম্ভব না ত। এখানে হাসি যা, খোলা যা, আবার শ্বাস বন্ধটাও সেই তৎ। এখানে ভোগের ভাগ না, কষ্টের ভাগ না—**সম**।"

"মাতৃ-কথামৃত"

নীলমণি

রাঁচি আশ্রম, ১৯শে মে, ১৯৫৮

প্রঃ—আপনি যে ভক্তদের মৌন অবলম্বন করতে বলেন, তাতে কি আধ্যাত্মিক উন্নতি হয়?

উঃ—বাক্‌সংযমের দ্বারা শক্তিসংরক্ষণ হয়। মৌন মানে যেখানে মন অ-মন হয়ে যায়, অর্থাৎ ভগবানের দিকে মন যায়।

প্রঃ—ভগবানের কাছে কি নানারকম জিনিষ চাওয়া উচিত?

উঃ—শ্রেষ্ঠ চাওয়া—ভগবানকে চাওয়া।

প্রঃ—ভগবান্ সর্ব্বশক্তিমান্ হওয়া সত্ত্বেও আমরা কেন এত দুঃখ পাই?

উঃ—যেখানে (অর্থাৎ সংসারে) বাস করা যায় সেখানকার এই রূপ। ভগবান্‌কে ডাকলে সর্ব্বদুঃখ নাশ হবে।

প্রঃ—কত লোক পক্ষাঘাত ইত্যাদি কঠিন ব্যাধিতে কষ্ট পায়, তাদের তিনি তুলে নেন না কেন?

উঃ—ভোগদেহে কর্ম্মফল ভোগ করিয়ে শেষ করান হয়।

প্রঃ—শব্দব্রহ্মের সাধনায় কি এক অবস্থায় প্রণব নাদ শোনা যায়?

উঃ—হ্যাঁ, শোনা যায়।

প্রঃ—তারপর কি হয়?

উঃ—শেষে ব্রহ্মের প্রকাশ হয়।

প্রঃ—মাটীই তো মা? তবে কি মাটীকে ঠিক করে ধরতে বা চিনতে পারলে সচ্চিদানন্দ ব্রহ্মলাভ হতে পারে?

উঃ—হ্যাঁ, মা-টী যে। যেখানে ধরবে সেখানেই তাঁকে পাবে। মাটীর মূর্ত্তির পূজা করা হয় কেন? ঈশ্বর প্রকাশ হবার জন্যই।

প্রঃ—মানুষের মাঝে উচ্চ নীচ ভেদ কিসের থেকে হয়?

উঃ—বাসনার জগতে উঁচু নীচু ভাব যে রয়েছে। তাই এটি স্বাভাবিক।

প্রঃ—অজ্ঞানতার সৃষ্টি কোথায়?

উঃ—বাসনা কামনা অহঙ্কারে জীব বদ্ধ, সুতরাং সেখানে অজ্ঞানতা থাকা স্বাভাবিক। বলা যায় অজ্ঞানতার সৃষ্টি বাসনায় আবার বাসনার সৃষ্টি অজ্ঞানতায়।

প্রঃ—সাধুদের মধ্যে ভেদজ্ঞান থাকে কেন?

উঃ—এটা রাস্তায় হতে পারে। গন্তব্যস্থানে পৌঁছলে ভেদজ্ঞান থাকে না। তবে কথা, সাধনার পথে শ্রেয় গ্রাহ্য ও প্রেয় ত্যাজ্য। তাই সাধনার অনুকূল খাওয়া গ্রহণ করা উচিত। সাধনার পথে প্রতিকূল সঙ্গ ভাল নয়। যারা জাতিভেদ মানে তাদের জন্য সাধনার পথে মানা উচিত। জাতিও তো তিনিই সৃষ্টি করেছেন। সাধকদের মধ্যে তাই অনেক সময় ছুঁৎমার্গ, শুদ্ধাচার ইত্যাদির প্রয়োজন হয়। নইলে সাধনে বিঘ্ন হয়। শাস্ত্রে লেখা আছে এই জাতি এই কাজ করবে, এই খাদ্য গ্রহণ করবে ইত্যাদি। শাস্ত্র মানলে তা অনুযায়ী চলা উচিত। কিন্তু পূর্ণ অখণ্ডেতে প্রতিষ্ঠিত হলে যা ইচ্ছা তাই করতে পারেন। তখন জাতি মানলেও আসে যায় না, না মানলেও আসে যায় না। ভগবান্ যেমন সর্ব্বরূপে আছেন, তেমন ব্রহ্মজ্ঞানী যে কোনো রূপ ব্যবহার করতে পারেন। তাঁর ব্যবহারের সাথে সাধারণ সাধকের ব্যবহারের তুলনা হয় না।

প্রঃ—ভক্তি, ভাব ও উচ্ছ্বাসে পার্থক্য কি?

উঃ—ভাব অভাবের এবং স্বভাবের দুইই হয়। স্বভাবজনিত ভাবই ঠিক ভাব। ভগবৎ প্রেমই ভক্তি। ভাব হচ্ছে ভক্তির দরুণ অষ্টসাত্ত্বিক লক্ষণ। সাময়িক অসংযত ভাবকে উচ্ছ্বাস বলা চলে। বাস্তবিক জ্ঞান ও ভক্তি একই।

বাস্তবিক জ্ঞান ভক্তির সমপর্য্যায়ের বস্তু। কোন কোন স্থলে কোন একটি প্রধান হয়।

প্র:—ভক্তিলাভের উপায় কি ?

উঃ—গুরু উপদেশ পালন করা।

প্রঃ—যদি গুরু উপদেশ পালনের ইচ্ছা না থাকে।

উঃ—বাবা, রোগ হলে জবরদস্তী হাসপাতালে ভর্ত্তি হতে হয়, ওষুধ খেতে হয়। কুইনিন তিতো হলেও ম্যালেরিয়া জ্বরে খেতে হয়। সেই রকম গুরু উপদেশ অনুযায়ী ভগবৎ-প্রীতির জন্য চেষ্টা করে সাধন করতে হয়। তাতে ভক্তির উদয় হয়।

—ক্রমশঃ

আদর্শের সংঘাত *

শ্রীমণীন্দ্রকিশোর রায়

আদর্শবাদীর বিরুদ্ধে জড়বাদীর মস্ত বড় অভিযোগ—এরা জগতকে সত্য বলে, বাস্তব বলে স্বীকার করে না। অলীক বলে জেনেছে এরা জগতকে। তাই তারা মনে করে জগত শুধুই মায়ার বিজৃম্ভণ, পারমার্থিক সত্তার আসরে তাই এর জন্য স্থানের নিতান্ত অভাব।

জড়বাদী চায়, অবশ্য তার জ্ঞান-বিশ্বাস-মতে, জগতকে বাস্তবের আসনে, সত্যের আসনে বসাতে। দৈনন্দিন জীবনের মধ্য দিয়ে, মানুষের পরিণতি তার প্রকাশে। সুখ-দুঃখের টানা-পোড়নের ভেতর দিয়ে মানুষের আশা আকাংক্ষা সার্থক হয়ে ওঠে। সমাজ ও জাতির কল্যাণের মধ্যে মানুষ তার চরম সার্থকতা খুঁজে পেলেই না ধন্য মানে। তবে কেন আদর্শবাদী আলো-ছায়া ঘেরা এই পৃথিবীকে সাব্যস্ত মনে করে মিথ্যে বলে, চায় একে ভোজবাজির প্রহেলিকার মত উড়িয়ে দিতে? কিন্তু জীবনের দৃষ্টিভঙ্গী আলোচনা করলে প্রতীয়মান হবে যে এ নেহাৎ-ই নিছক প্রচার, হীন প্রতিপন্ন করার অপচেষ্টা মাত্র।

অনেক দিনকার এবং অনেক জন্মকার ভালবাসার লোকের মতই আমাদের এই জল-মাটির পৃথিবী চির নতুন, মনে পড়ে বহু যুগ আগে এক প্রভাত বেলায় এই তরুণী পৃথিবী সমুদ্রে অবগাহন করে বন্দনা করেছিল নবীন সূর্য্যকে। পৃথিবীর সেই আদিম মাটিতে কোথা থেকে এক প্রথম জীবন উচ্ছ্বাসে গাছ পল্লবিত হয়ে উঠেছিল। তখন ছিল না আর কোন জীব, ছিল না কোন জন্তু, ছিল মাটি আর জল। বিশাল সমুদ্র মায়ের মত দুলে দুলে তার নবজাত ক্ষুদ্র ভূমি খণ্ডটিকে উন্মত্ত আলিঙ্গনে ও সস্নেহ চুম্বনে আবৃত করে দিত। তখন যে এই পৃথিবীতে সর্ব্বাঙ্গ

---

* শ্রীশ্রীমা আনন্দময়ী আশ্রম (রাঁচি) সংস্কৃতি পরিষদে পঠিত।

দিয়ে প্রথম সূর্যালোক পান করেছিল, সে যে আমি, নবশিশুর মত একটা অন্ধ জীবের পুলকে নীলাম্বর তলে আন্দোলিত হয়ে মাটির মাতাকে মস্ত শিকড়গুলি দিয়ে জড়িয়ে এবং স্তন্য রস যে পান করেছিল সে তো আমি। একটা মূঢ় আনন্দে আমার ফুল উঠত ফুটে, উদ্গম হতো নব পল্লবের। ঘন-ঘোর বর্ষার ঘন শ্যাম চ্ছটার অতি পরিচিত পরশে আমার পল্লবে জাগতো পুলক শিহরণ। এই মাটির পৃথিবী তো অজানা অচেনা নয়। নব নব যুগে এই পৃথিবীর মাটিতেই আমার জন্ম। আমার চেতনার প্রবাহ বয়ে যায় এই পৃথিবীর প্রতিটি ঘাসের শীষে, গাছের শিকড়ে, রোমাঞ্চিত হয়ে উঠে শস্যক্ষেত্র, জীবনের আবেগে কেঁপে উঠে গাছের পাতা, এ আদর্শবাদীর কথা।

এতো পৃথিবীকে অন্তরঙ্গ আত্মীয় বলে জানা। বস্তুময় জগতের কর্ম্মময় জীবনের কোন অস্বীকৃতির ছোঁয়া নেই এই দৃষ্টিভঙ্গিতে, দুনিয়ার স্নেহ-মমতা, ভালবাসা, সমাজের কল্যাণ কামনার প্রতি নাই কোন উপেক্ষা, নাই অবহেলা, এ জানাই জগতকে বাস্তব বলে, সত্য বলে জানা। পৃথিবীর মাটির সাথে, আলো আকাশের সাথে মানুষের রয়েছে রক্ত-সম্বন্ধ জন্ম-জন্মান্তরের, যুগ যুগান্তরের। এ জীবনেই তার শুরু নয়, আর এ জীবনের দীপ নিভে গেলেই তার পরিসমাপ্তি হয় না। মায়ের নাড়ীর সাথে শিশুর যোগ ছিন্ন হবার সাথেই চোখ মেলে সে দেখে এই দুনিয়া, তার সাথেই ঘটে প্রথম পরিচয়। দু'দিনের খেলা শেষ হলেই কি—এ সম্পর্ক নিশ্চিহ্ন হয়ে মুছে যায়? জীবনের আদর্শ বলে আমাদেরকে, ধরণীর প্রতিটি ধূলিকণা, প্রতিটি প্রাণোচ্ছ্বাসের সাথে আছে মানুষের সম্পর্ক। কালের শুরু তার নাড়ীর স্পন্দনের সাথে রয়েছে মানুষের গভীর অন্তর্যোগ। একই শক্তির বিকাশ অস্তিত্বের বিভিন্ন স্তরে, একই সত্তার প্রকাশ নানা ভাবে, নানা রূপে। আমি ছিল অতীতে, ভবিষ্যতেও থাকব আমি, বস্তু জগতের অন্তঃপ্রবাহী ছন্দের সাথে চলে আমার চিরন্তন খেলা। অচ্ছেদ্য বন্ধনে আমি আছি তার সাথে জড়িয়ে। আমার দেহ-মন-আত্মা এই বস্তুময়ের তালে তালে পুষ্ট ও নন্দিত। এ রক্ত মাংসে, শিরায় শিরায় উপলব্ধি করে মানুষ, আর তার কর্ণে ধ্বনিত হয় জীবনের জয় গান।

ভূমির সাথে, নাড়ীর প্রাণের অন্তরাত্মার নিবিড় ঐকাত্ম্য সংযোগ রয়েছে আদর্শবাদীর। সে যে পৃথিবীর সন্তান। তার গান—'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই!' অসংখ্য বন্ধন মাঝে, মুক্তির স্বাদ তারই উপভোগ্য। তার সমগ্র দৃষ্টি থেকে বাদ পড়েনি মাটির ফুল, আকাশের তারা, প্রাণ ও অপ্রাণ, বস্তু ও মন। তবুও যথেষ্ট কালিমা লেপন করেছে বিরুদ্ধবাদীর দল এ-দর্শনের গায়ে। কেউ বা দুয়ের সমন্বয় দৃষ্টি লোকের সামনে সম্যক্ স্পষ্ট করে ধরে তুলতে পারেননি কিংবা কেউ বা হয়তো ব্যাখ্যা প্রসঙ্গে অন্তরালের গভীরতর সত্তাকে, পরম সত্যকে প্রাধান্য দিয়েছেন, তাই কি?

ইন্দ্রিয় গ্রাহ্য বস্তুর ওপরে শিশুর কড়া নজর। সে তার চার হাত-পায়ে তার কাছের মাটিকে আঁকড়ে ধরে থাকে। এ-ও ক্ষণিকের। বিবর্ত্তনের ফলে হস্ত যুগলের ঘটলো মুক্তি। মানুষ তখন ভূমিতে পা রেখে দু' হাত দিয়ে ভূমাকে আঁকড়ে ধরার প্রচেষ্টায় ব্যস্ত। ভূমি ও ভূমার, সীমা ও অসীমের মাঝে স্বর্ণ-সেতু মানুষ। ব্যক্তি বিশেষরূপে ব্যক্ত মানুষ, অব্যক্তের পানে সদাই উধাও। অসীমের পথেই যে তার তীর্থ-যাত্রা। প্রতিদিনের জগতেই মানুষের বাস, কিন্তু তার কানে ভেসে আসে শাশ্বতের, চিরন্তনের গান। দেহ তার পুষ্ট হয়, বেঁচে থাকে অন্ন জলে। তার আত্মার বিকাশ অনির্ব্বচনীয় আনন্দলহরীতে। প্রয়োজনের স্বার্থ-কোলাহলের তরংগ-দোলায় দোল খেলেও মানুষ প্রয়োজনাতীতের নোঙরে বাঁধা, পরমার্থের কেন্দ্রে বিধৃত।

আদর্শবাদী নাকি ইহকাল থেকে পরকালকেই আপন বলে জানে। বস্তুর দিকে নাকি ওরা থাকে মুখ ফিরিয়ে, চোখ বুজে। বস্তু অতীতেই, বস্তুর উর্দ্ধেই নাকি ওদের মনের বিকার। এই মাটির পৃথিবীর উপরে থেকেও তাদের বাস তুরীয় লোকে। মিথ্যা রঙীন শূন্যতায় দোল খায় তাদের চিত্ত। কিন্তু এই কি আদর্শবাদীর পরিচয়? তারা তো ব্রহ্ম ও জগতকে ভিন্ন করে দেখেন না। সর্বং খল্বিদং ব্রহ্ম, এই যে তাঁদের কথা। সামান্য পাথরের নুড়ি আর চৈতন্যসম্পন্ন মানুষ উভয়কে তাঁরা দেখেন সাম্যের দৃষ্টিতে। যা কিছু ক্ষুদ্র, যা কিছু হেয়, অন্তর্দৃষ্টির

গভীরতায় তাঁর ঠাঁই হচ্ছে বৃহতের আসনে। মহতের গৌরবে তা সেখানে মহিমময়। ঐক্যের সুনিবিড় অন্তর্যোগে সকলি আবদ্ধ। বিভিন্ন বস্তুকে ভেঙে বিশ্লেষণ করে দেখা যাবে সকলেরই মূল উপাদান এক। একই উপকরণের, একই মৌলিক পদার্থের বিভিন্ন রূপায়ণেই বহু বস্তুর অস্তিত্ব। রসায়ন বিজ্ঞানের এই শিক্ষা, পদার্থ-বিজ্ঞানী বলেন, তাই তো। উত্তাপ, আলো, সংকর্ষণ ও বৈদ্যুত শক্তির বিশ্লেষণেও যে দেখা যায় একটি রূপান্তরিত হয়ে যায় অন্যটিতে। শেষ বিচারে প্রমাণ হয়ে পড়ে বিদ্যুতেরই ওরা বিচিত্র প্রকাশ। একই শক্তি ভেতরে থেকে যেন নিজকে নানা রূপে, নানা নামে উদ্‌ঘাটিত করছে।

একের ভেতরে সৌষম্যের মধ্যেই সত্যের যথার্থ পরিচয়। বৈচিত্র্যের মাঝে ঐক্যানুভূতিরই রূপায়ণ কবিতায়, গানে, চারু শিল্পে। পরস্পর স্বতন্ত্র বস্তু সীমার রূপের, রসের সৌন্দর্য্য কি মানুষের বিস্ময়ের কারণ হয়? দৃশ্যমান বিচ্ছিন্ন সৃষ্টির রূপ ও রস শিল্পীর অন্তরে দেয় না যে কোন দোল। অরূপ অনন্তকে পেতে হবে এই পৃথিবীর হাতে পাওয়া বস্তুর মধ্যে; চোখে দেখা জিনিষের অন্তঃস্তলে। এই বিশ্ব একই ছন্দে, একই সুরে স্পন্দিত হয়, তাই শিল্পীর মনে, কবির অন্তরে, এই ধূলির ধরণী সুন্দর অনির্বচনীয়। বিশ্ব ব্রহ্মাণ্ডে যে বিরাট শক্তি, আদ্যাশক্তি খেলা করছে মানুষের দেহও সেই। আদর্শবাদীর দেহ-মন-আত্মায় জাগে অনুভূতি—খেলতি অণ্ডে, খেলতি পিণ্ডে। ব্রহ্ম-সাধনার সাধনভূমি এই মানুষেরই দেহ। হৃদয়-বৃন্দাবনে চলে তাঁরই লীলা, তাঁরই বিহার, সুফিরাও মানব-প্রেমের মধ্যেই সন্ধান পেয়েছিলেন ভগবৎ-প্রেমের।

তাঁদের কথা—মানুষকে ভালবাস, জগতকে দেখ অনুরাগের চোখে, তবেই পাবে খোদাকে। নশ্বর প্রেমাস্পদকে তাচ্ছিল্য করলে অবিনশ্বর প্রেমাস্পদ দেয় না ধরা। ভাল না বাসতে পারলে সাধনার পথ সুগম হয় না। অরূপের অমৃত উপভোগ করতে হলে রূপের শরাবকে উপেক্ষা করার জো নেই, তাকে পান করতেই হবে। জগতকে বাদ দিয়ে নিরালম্ব শূন্যে পালাবার পথ কোথায়? মানুষকে এড়িয়ে, জগত ছাড়িয়ে অতীন্দ্রিয় তুরীয়ের প্রেমে হাবুডুবু খাবার লোভের

কোন ইংগিত তো এখানে নেই। কোন বস্তুকে তার দৃশ্যমান সীমার মধ্যে সংকীর্ণ করে, বিচ্ছিন্ন করে, অসুন্দর করে, অসত্য করে পায়নি কোন আদর্শবাদী। তবে তার অপরাধ হলো কিসে? আধুনিক বিজ্ঞানীর কথাও তাই। অতি ক্ষুদ্র যে বৈদ্যুতিন সে যে বিন্দুর সীমার গণ্ডীতে আবদ্ধ নয়, ব্যাপ্ত হয়ে রইলো সে বাঁধনহারা অনন্তে। আজি সীমার মাঝে বাজে অসীমের আপন সুর; কবি, দার্শনিক, বিজ্ঞানী আর ধর্ম্মসাধকের মর্মে। সব তরী আজ ভিড়েছে একই ঘাটে, সত্যের ঘাটে। সকলের সিদ্ধান্তই আজ এক। বস্তুর মধ্যেই রয়েছে অবস্তু, বলেন বিজ্ঞানী। শিল্প আর সাহিত্য অরূপের সন্ধান পেয়েছে রূপের মধ্যে। ধর্ম-সাধনা ও দর্শনের বিচারে জড় ও চিৎ সর্বত্র আছে এক মহান ঐক্য, অনন্ত ও অসীম। বিশ্বের পরম সত্য আজ আর কারো ব্যক্তিগত নিজস্ব সম্পত্তি নয়। তা সকলের, সকল জ্ঞান-বিজ্ঞানের, সকল শিল্প ও সাহিত্যের, কথা ও সুরের।

ইহকাল ও পরকালের মধ্যে নেইতো কোন ভেদ। সত্যিকারের দৃষ্টিতে এরা এক ও অভিন্ন বলেই প্রতীত হয়। তাই আদর্শবাদীর ইহকালের মৃন্ময় পাত্র উপচে ওঠে পরকালের অমৃত সুধায়। জাগতিক স্বার্থেই পরমার্থের সৌরভ। সমুদ্রের জলে মিশে আছে অদৃশ্য লবণ ওতপ্রোতভাবে। স্থাপিত হয়েছে সামরস্য দুয়ের মধ্যে। পাটোয়ারী বুদ্ধির কোন স্থান নেই আদর্শবাদীর কাছে। কর্মই তার সাধনা,—'যৎ করোমি জগন্মাতঃ তদেব তব পূজনম্।'

দ্বান্দ্বিক বস্তুবাদী বলবেন, দুঃখ-আঘাত, জরা, মৃত্যু, ব্যাধি, ভয় জাগায় আদর্শবাদীর চিত্তে। তাই সে দুঃখবাদী। সহ্য করবার শক্তি কি মনোবল যে তার নেই। তাই সংসার ত্যাগ করে বনে পালাবার দিকেই সে উন্মুখ। কিন্তু তাঁর কথা তো শান্তম্ শিবম্ অদ্বৈতম্। শান্তমের পরেই তিনি চান শিবকে, পাওয়া যায় না। দ্বন্দ্বকে এড়িয়ে নয়, অতিক্রম করে, জয় করে তাকে পেতে হয়। তিনি জানেন মানুষের আত্মা অসীম বীর্যবান, অপরিমিত তার সাহস। সৃষ্টির সীমা পেরিয়েও তার অধিকার। এই বিপুল সংসারের অপরিসীম রহস্যময় জীব-লীলার দুয়ার তাঁর কাছে সদাই অবাধ, উন্মুক্ত। চিরন্তন এই পথিকের প্রার্থনা—'রুদ্র, যত্তে

দক্ষিণম্ মুখম্ তেন মাম্ পাহি নিত্যম্।' এ জানে রুদ্রকে এড়িয়ে চলবার কোন পথ নাই। একে পার হতেই হবে। রুদ্রের প্রসন্নমুখই চরম ও পরম সত্য। এ সত্যে যেতে হবে রুদ্রকে পার হয়ে তাঁর স্পর্শ নিয়ে। অশান্তির ছোঁয়া লেগে নেই যে শান্তিতে, সে তো শান্তি নয়, সে যে স্বপ্ন। সমাজ কল্যাণ চাই আমাদের, কিন্তু তা পেতে হবে অমঙ্গলের সাথে লড়াই করে। রক্তরাঙ্গা মহা ভাঙ্গনের পথে দুঃখ লাঞ্ছনা সয়ে মৃত্যুকে আলিঙ্গন করেই সত্যকে পাওয়া যায়। তাই তাঁর কল্পনা, তাঁর আদর্শ নীলকণ্ঠ মহাদেব। সমুদ্র মন্থনে উঠেছিল যে বিশ্ব-বিধ্বংসী হলাহল তা গ্রহণ করেই তিনি দেবাদিদেব মহাদেব। দুঃখ-বেদনা-জর্জরিত সংসারীর আদর্শ তো এই। আনন্দ দুঃখের চরিতার্থতায়, তার নিবৃত্তিতে নয়। মার্কসবাদীর কথা, দ্বন্দ্ব-বিরোধের পরপারেই দ্বন্দ্বাতীত, বিরোধহীন সমাজের প্রতিষ্ঠা হবে। কিন্তু কেমন করে? দ্বন্দ্ব-বিরোধ বিবর্ত্তনের কোন ধাপেই মানুষের চলার পথ থেকে বিদায় হতে পারে না। প্রগতিবাদী (?) বিবর্ত্তনের কোন কল্যাণবর্ষী উন্নতশীর্ষে থমকে দাঁড়াবেন। তথাপি গতি যদি থাকে, বিবর্তন যদি চলে, তবে তার পরেও থাকবে দ্বন্দ্ব। তবে আদর্শবাদী দুঃখ, আঘাত, মৃত্যুর ভয়ে সংসার ত্যাগ করে পালাবে কেমন করে?

নিজকে যাতে করে উপলব্ধি করা যায় তাতেই আনন্দ। নিজের পরিবেশ সম্বন্ধে মন যখন সচেতন তখনই যে নিবিড় করে পাওয়া যায় নিজকে। তার বিচিত্রের প্রকাশ দ্বন্দ্বের মধ্যে। যেখানে গতি সেখানেই সংঘাত। এই জগৎ আমাদের চলমান। তার চলার উৎস দ্বন্দ্ব। সংশ্লেষণের পথেই চলে সৃষ্টি আর চিন্তা। বিশিষ্ট একটা রূপে এল অস্তিত্ব। গতি-ধর্মে সে চঞ্চল, চলার স্রোতে প্রতি মুহূর্ত্তে ঘটছে তার পরিবর্তন। নিজের বৈপরীত্যে, অনস্তিত্বে তার পরিসমাপ্তি। নতুন বিরুদ্ধতার কাছে হলো তার হার। এও ক্ষণিকের। বৃহত্তর সংশ্লেষণে আবার তার ঘটবে রূপান্তর। এ দুনিয়ায় শুধু হয়ে হয়ে চলা, রূপ হতে রূপান্তরে পরিণতিই সত্য। আছে ও নাই, ভাব ও অভাব এদের নেই অস্তিত্ব, নেই কোন সত্য মূল্য। বৈপরীত্য সৃষ্টি করে, চলার পথ ক'রে দেখাই এদের কাজ। ব্যক্তি-বিশেষে,

সমাজে, রাষ্ট্রে, সর্বত্রই এই সংঘাত। চলার মর্মে আছে দ্বন্দ্ব, আছে বিরোধ। এই যে শাশ্বত রীতি।

কালো ত মিছে নয়। তার প্রকাশই আলো। অব্যক্ত কালো ব্যক্ত হলো, আলোর শুভ্র ধারায় পেলো সে মুক্তি—তাই তার হাসি। যাওয়া আর হওয়া জগতের নিয়ম, জীবনের ধারা তাই আজিও অক্ষুণ্ণ। মৃত্যুর ভিতর দিয়েই প্রাণের বিকাশ। প্রলয় আর প্রকাশ নিয়েই তো আমাদের পথ পরিক্রমা। জীবন আমাদের দোলায়িত হয় দুঃসহ দ্বন্দ্বে। সামাজিক স্বার্থে স্বার্থে বিরোধ, রাষ্ট্রে রাষ্ট্রে সংঘাত। সুখ-দুঃখের আনন্দ-বেদনার নাগর-দোলায় বিবর্তিত হয় জীবন। পরস্পর বিরোধী, সতত বিবদমান দ্বৈতের তাৎপর্য, তার সত্যিকারের মূল্য চিরদিনেরই জিজ্ঞাসা, দর্শনের বিচারের বিষয়। দ্বিধা বিভক্তির সরল সীমারেখা যে নিজকে বিলিয়ে দেয় ঐক্যে। নদীর এ পাড়ে দাঁড়িয়ে ও পাড়ের দিকে হতাশ নয়নে চাইলে কি হবে? দু' পাড়ের মধ্যে নদী তো শুধু একটা ব্যবধান নয়, একটা যোগসূত্রও। হলকর্ষণ হলেই তো সোনার ফসলের সম্ভব হয়। আদর্শবাদ সংঘাতকে তাই এড়িয়ে চলতে পারে না। ঐক্যের মাঝে তাই স্থান হয় বৈপরীত্যের। দ্বন্দ্ব আছে বলেই সম্ভব হয় সুন্দরের আবির্ভাব, তার অস্তিত্বের। এই বিরুদ্ধ শক্তি যে একে অন্যের পরিপূরক, মহান ঐক্যের অংগ। জগৎ জুড়ে একটা অখণ্ড ঐক্য অবশ্য মিলছে না। ঐক্যবদ্ধ জগতের পরিণতি—সংযোগ-বিমুখ একাধিক কঠিন প্রাচীর-ঘেরা অন্ধ কারায়। বিপরীতের সংযোগেই জন্ম হয় সুন্দরের। নটরাজের নৃত্যে আছে ভাঙ্গা গড়ার ছন্দ। একের আঘাতে বন্ধন টুটে, অন্যের আঘাতে কমল ফোটে। মহাকাল তার ডান হাতে পূর্ণ করে সুধা, আর বাম হাতে চূর্ণ করে পাত্র। মরণেই জীবনের প্রকাশ। মৃত্যু-স্নানে নবীনা বিশ্বমাতার প্রিয় পুত্র যীশু ক্রুশবিদ্ধ হয়েই গেয়েছিলেন জীবনের জয় গান। এ যেন একটা এঞ্জিন, তার যে শক্তি তাকে সমুখের পানে চালায়, সেই আবার পেছনেও টানে। আঘাতেই জেগে উঠে অন্তরের সুপ্ত শক্তি। অনন্ত সম্ভাবনা রয়েছে স্তব্ধ হয়ে। বিরুদ্ধ শক্তির প্রবল সংঘাতে সুপ্তি যায় টুটে। জাগে ছন্দ, চলে নৃত্য, প্রকাশ হয় সুন্দরের। শক্তিকে জাগিয়ে

তুলতে সক্ষম হয় শুধু শক্তি। দু' হাতের অঞ্জলিতে দিতে হবে নৈবেদ্য। তা হলেই বৈপরীত্যের মধ্যে, অনৈক্যের মধ্যে অস্তিত্ব উঠবে ফুটে, সৃষ্টি ভরে উঠবে রূপে-রসে-গানে-আনন্দে। কেবলমাত্র বৈরীভাবে দেখলে সুস্থ দৃষ্টিভঙ্গী গড়ে উঠবে না। জড় ও অধ্যাত্ম, তাদের মধ্যে ব্যবধান বিরাট। তবু তারা চরম ভাবে, বর্জন-ধর্মী নয়। একের দুই বিভাগ মাত্র এরা। দ্বন্দ্বটাই পরিপূর্ণরূপে এদের নয়। এরা একে অন্যের পরিপূরক। এই তাদের সত্যি পরিচয়। এই সম্যক্ দৃষ্টির অভাবেই একদিন বস্তু ও জড় জগতকে অস্বীকার করে মানুষ হারিয়ে ফেলেছিল তার বাস্তবের ভিত্তি। আর একদিকে মন, অধ্যাত্ম ও বিষয়ীর অস্তিত্ব অস্বীকার করে কর্ণধার-বিহীন তরণীর মত মানুষ ছুটেছিল সর্বনাশের আঘাটায়। বন্দর আজিও রয়ে গেল দু'য়েরই কল্পনায়। মনকে না মেনে নিছক বস্তু, অথবা বস্তুকে বাদ দিয়ে নিছক মন, এ মাটির পৃথিবীর জন্য নয়। এ নেহাৎ অবাস্তব। বুদ্ধির সমুদ্রে তা ভেসে চললেও তাকে নিয়ে সব করা চলে না। এ দু'য়ের মধ্যে দ্বন্দ্ব আছে, আছে বিরোধ, কিন্তু নেই কোনো বৈরীভাব। চলার পথে তাই বেধেছে সংঘাত, হয়েছে সংঘর্ষ। তবু তারা এগিয়ে গেছে ঐক্যের দিকে। সৃষ্টির পথে এরা যে সাথী।

আলো-ছায়া, আনন্দ-বেদনা, বিবেক-বাসনা, সুখ-দুঃখ, ভাল-মন্দ, জীবন-মৃত্যু, এই বিরুদ্ধ দ্বৈতের মধ্যে একে অন্যকে পরিহার করে নিরঙ্কুশ নিঃসঙ্গ রাজত্ব করতে পারে না। আঁধারের অস্তিত্ব-বিহীনতায় জ্বলে না কোনো আলো। এই পৃথিবীর চারিদিকেই চলছে জীবন-মৃত্যুর খেলা। জীবন ঢলে পড়েছে মরণের মোহ-স্পর্শে, আবার মরণের আবরণ ভেদ করে জীবন প্রকাশ পাচ্ছে নতুন ছন্দে। মৃত্যুর শান্তিময় কোলে জীবনের সমাপ্তি। মৃত্যুর দেশের ওপর দিয়েই জীবনের রাজপথ। মরণের মাঝেই জীবন পায় তার কামনার শান্তি, আবার জীবনেই মরণের মুক্তি তার সার্থক্য। কামনা-বাসনার নির্মূল বিনাশ বুদ্ধির লক্ষ্য নয়, ওদের শাসনে, ওদের রূপান্তরেই তার সত্য প্রতিষ্ঠা। পরমের পথে মন্দ ক্রমেই রূপান্তরিত হয়, কামনা-বাসনার মোড় ফিরে যায়। রূপান্তরিত সত্য ছন্দ ও শক্তি লাভে এরা উত্তীর্ণ হয়

পরম ঐক্যে। গভীর ব্যথা-বেদনার পরম পরিণতি রসে—আনন্দ রসে। সংকীর্ণতায়, ক্ষুদ্রতায়, নিজের স্বাতন্ত্র্য ঘোষণায়, মানুষ বিচ্ছিন্ন হয়ে পড়ে বৃহত্তের থেকে, সমগ্র থেকে। ব্যক্তি-স্বার্থে আবদ্ধ মানুষই অসত্য। সত্য সাধনায় স্বল্পকে ছেড়ে, স্বার্থকে অতিক্রম করেই সে রূপান্তরিত হয় বৃহত্তর সত্তায়। সমাজের, দেশের ও বিশ্বের সাথে এক করে, সে অনুভব করে নিজকে। মহান ঐক্যবোধে সে-ই সত্য। ভূমার আনন্দ, অন্তরের ছন্দ, বাজে বিশ্ব চেতনায়, উদ্বুদ্ধ ক্ষুদ্র আমিত্বে। ক্ষুদ্রত্ব ত্যাগ করে, সংকীর্ণতা পরিহার করে অহঙ্কারকে ডুবিয়ে দিলে, ব্যক্তি-স্বার্থকে বিলিয়ে দিলেই না পাওয়া যাবে বড়কে, বৃহৎকে। বৈপরীত্যের সমন্বয়ে মিলবে সেই পথের সন্ধান। এই সংশ্লেষণ নিয়ে যাবে মানুষকে তার বিচ্ছিন্ন জগৎ হতে সত্যের পরিপূর্ণ রূপের আঙিনায়—অনন্তে। এই আনন্দের দেশেই কি পথের শেষ? আলো-আঁধার, জীবন-মৃত্যু, ভাল-মন্দ, সকল দ্বিধা দ্বন্দ্বের অবসান? বিরোধ বিচ্ছেদের সাগর পাড়ি দিয়ে এইখানেই কি তরী থেকে তীরে ওঠা? আনন্দ দুঃখের চরিতার্থতায়, তার নিবৃত্তিতে নয়। আঁধার, মৃত্যু, দুঃখকে স্বীকার করেই মানুষ উপলব্ধি করে পরিপূর্ণ প্রেমের—একদিকে মিলন, অপরদিকে বিচ্ছেদ; একদিকে মুক্তি, অন্যদিকে বন্ধন। রূপ ও রস, শক্তি ও সৌন্দর্য্য আছে এই প্রেমে, আছে সুমিত আর অমিতের কোলাকুলি, বিশ্ব আর বিশ্বাতীতের মিতালি। বিশ্বকে বাদ দেওয়ার কোন কথা এখানে ওঠে না, আর বিশ্বাতীতের জন্যও স্থানাভাব নাই। সকল বিরোধের মাঝেও মানুষ পথ ছেড়ে দেয় শান্তকে, মন্দের মধ্যেও খোঁজে কল্যাণকে। বিচিত্রের মধ্যে একের প্রকাশ, তাই মানুষকে এত মুগ্ধ করে।

কিন্তু এখানেও পথের শেষ নয়। এ কথা ভুললে চলবে না যে—চলাটাই হলো অমৃত লাভ, চলাটাই তার স্বাদু ফল। চেয়ে দেখ সূর্যের ঐ আলোক-সম্পদ, যে সৃষ্টির আদি হ'তে চলতে চলতে একদিনের জন্যও ঘুমিয়ে পড়েনি। অতএব এগিয়ে চল, এগিয়ে চল, তবে দুঃখ-আঘাত মৃত্যুর ভয়ে ত্যাগ করে পালাবে কেমন করে?

নিজকে যাতে করে উপলব্ধি করা যায় তাতেই আনন্দ। নিজের পরিবেশ

সম্বন্ধে মন যখন সচেতন তখনই যে নিবিড় করে পাওয়া যায় নিজকে। তার ব্যাকুলতা, অতৃপ্তি, চাওয়া, পাওয়ার অসামঞ্জস্যের রস-ঘন প্রকাশই তো কবিতা। আনন্দ রসের অনুধাবনে, উদ্‌ঘাটনে নয়। তাত্ত্বিকের অনুসন্ধিৎসা উদ্‌ঘাটনে মেটে। তাতে তার গৌরবও বাড়ে। অনুধাবনের নূতনত্বের বাঞ্ছনীয় যে আনন্দ তা কবির। অভাব হলেই অবসাদ এসে আচ্ছন্ন করে দেয়। না-তেই দুঃখ। যেখানে দুঃখ সেখানেই রয়েছে অনিষ্টের আশঙ্কা। তাই মানুষ এড়িয়ে চলতে চায় দুঃখকে। এটা স্বাভাবিক। কিন্তু দুঃখাতীতকে পেতে হলে দুঃখকে যে পার হতেই হবে। তাকে বাদ দেওয়ার কোন সুযোগই যে নেই। দুঃখের মাঝেই যে নিজকে একান্ত করে পাওয়া যায়, তাই দুঃখও আনন্দকর। দুঃখ যখন আসে আপনার সম্বন্ধে ধারণা যে আর অস্পষ্ট থাকে না। দুঃখ পরিপূর্ণ ভাবে উদ্‌ঘাটিত করে দেয় নিজের যথার্থ রূপ। এ ভাল লাগে না নিশ্চয়ই। কিন্তু একে তো অস্বীকার করা চলে না। তা হলে নিজের স্বরূপটি থেকে যাবে অজানা, বঞ্চিত করা হবে নিজের স্বভাবকে, সঙ্কুচিত করা হবে নিজের প্রকাশকে। সে তো মৃত্যুরই অন্য নাম। আদর্শবাদী দুঃখকে দেখে এই দৃষ্টিতে। দুঃখের সাথেই আনন্দ রয়েছে জড়িয়ে। চরম বেদনা রূপান্তরিত হতে পারে পরম আনন্দে। এই জন্যই তো দুঃখের পথে বাজে তূর্য। আলো ছায়ার মত একই ছন্দ, একই স্পন্দন ওদের মধ্যে, দুঃখ ও আনন্দের মধ্যে। একের কঠিন আঘাতের মধ্যে অন্যের গভীর সুরও ঝঙ্কৃত হয়। দুর্যোগে দুয়ার যখন ভাঙ্গে তখনই দেখা দেয় আলো জ্যোতির্ময়। নিমেষেই যেন সব যায় বদলে। বৈপরীত্যের বক্ষ বিদীর্ণ করেই আনন্দের আলোর প্রকাশ পথ। গভীর শোকে আনন্দ-রসাপ্লুত হয়েই বাল্মীকি রচনা করেছিলেন রামায়ণ। জাগতিক দুঃখ-কষ্টকে আপন করে, আত্মীয় করে নেবার শক্তি বলিষ্ঠতারই পরিচায়ক। এতো জীবনের যুদ্ধের শুধু মাত্র স্বীকৃতি নয়। জীবন-রচনায় এদের অবদান, এদের স্থান যে কত উঁচু তারই সহজ সুন্দর নির্দেশ। এর তুলনা কোথায় ?

সমাজের কল্যাণের দিকে ওদের নেই কোন দৃষ্টি, ব্যক্তিগত মুক্তিই যে ওদের

পরম কাম্য। ত্রিতাপ-দগ্ধ-সংসার-বন্ধন হতে পরিত্রাণের ব্যাকুলতায় সামাজিক কল্যাণকর কাজ-কর্ম হতে তাই তারা নেয় অবসর।

আত্ম-কেন্দ্রিক মুক্তি-ধ্যানের দিকেই তাদের সাধারণতঃ আকর্ষণ। এমন আরো কত কি যে বলে দ্বান্দ্বিক বস্তুবাদী তাদের বিরুদ্ধবাদী সম্পর্কে। কিন্তু আদর্শবাদীর কথা ক্ষুদ্র আমিত্ব থেকে মুক্তিই মোক্ষ। এ মুক্তি সকলেরই লক্ষ্য। ব্যক্তির, সমাজের, রাষ্ট্রের। প্রত্যেক দেশ ও জাতির মুক্তির জন্যই নির্দেশ কর্মযোগের। সামাজিক লোকের, সংসারীর এই পথই একমাত্র পথ।

আমাদেরকে বুঝতে হবে কর্মযোগ কি ? যোগঃ কর্মসু কৌশলম্। কোন কিছু সুচারুরূপে সম্পন্ন করতে হলে তার জন্য প্রয়োজন কৌশল। যা করতে হবে কেবল সে সম্বন্ধে জ্ঞান থাকলেই চলবে না, কি ভাবে করতে হবে সেই উপায়ের প্রয়োগ সম্পর্কে বিশেষ ধারণা থাকা একান্ত প্রয়োজন। নইলে লক্ষ্য চিরদিনই আমাদের থেকে দূরে রয়ে যাবে। কর্মকৌশলের প্রধান কথা অহংকার ছাড়তে হবে। আত্মাভিমান না গেলে, ব্যক্তিগত স্বার্থের কামনা নাম-যশ-আকাংক্ষা চোখের জলে ডুবিয়ে দিতে না পারলে কোন মহৎ কর্মই সম্পন্ন হতে পারে না। ব্যক্তিগত স্বার্থের সূত্র ছিন্ন করলে যে লক্ষ্য সম্বন্ধে উদাসীন অমনোযোগী হতে হবে এমন কখনো নয়। উদ্দেশ্য-শৈথিল্য চলবে না। লক্ষ্য থাকবে স্থির অচঞ্চল। সাফল্য অসাফল্যের দিকে দৃক্‌পাত না করে এগিয়ে যেতে হবে কর্মের উদ্দেশ্যের দিকে। লোক-সংগ্রহ, সমাজ-কল্যাণই যে সকল কর্মের উদ্দেশ্য। কর্ম যদি বন্ধন হয় তবে বাঁধন দিয়েই বাঁধন কাটতে হবে। কর্ম দিয়েই কর্ম ছেদন হয়। এই তো শাস্ত্রের কথা। 'নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়।' ফলাকাঙ্ক্ষা বর্জন ও সম্পূর্ণ অনাসক্তি আদর্শবাদীর জীবন-দৃষ্টি ও কর্ম-কৌশলের পরিচয়। কর্মের ঘূর্ণাবর্ত্তে পড়ে গেলে বিশ্বের গতি-চক্রে ঘূর্ণনই সার হয়। এমন কর্মী, জগত অথবা কর্ম কোন কিছুরই মর্ম গ্রহণ করতে পারে না। বিজ্ঞানী জগত-ব্যাপার থেকে পৃথক্ করে নেয় নিজকে। তা হলেই বিশ্বের অন্তস্তলের গতি ও স্পন্দনের সাথে সত্য পরিচয় লাভ সম্ভব হয়। সমতল ভূমিকে যদি অখণ্ডরূপে তার সত্য স্বরূপে দেখতে হয় তবে

তা করতে হবে সমতল ভূমির ঊর্দ্ধ থেকে। মায়ের সাথে নাড়ীর বিচ্ছেদ ঘটলেই শিশু মাকে পায়। মায়ের দেহের অভ্যন্তরে যখন শিশু থাকে জড়িয়ে, তখন সে মাকে পায় না। মা থেকে পৃথক্ হয়ে, আলাদা হয়েই সত্যি করে জানা যায়, পাওয়া যায় মাকে। তেমনি কর্মচক্র থেকে আলাদা হয়ে, নিরাসক্ত হয়ে সত্যি-কারের কর্মী হতে হবে। কর্ম-পাক থেকে যে কর্মী নিজকে এমনি বিমুক্ত বিচ্ছিন্ন করতে পারেনি কর্ম-কৌশল তার আয়ত্ত হয়নি; কর্মের অধিকারও তার জন্মেনি। এমন কর্মীর কাজ অকর্ম। ক্ষমতার লড়াইর গোড়ার একটা হদিস্ মেলে এখানে, অহং প্রতিষ্ঠার হীন প্রয়াস। সংঘর্ষ চলে ব্যক্তিতে ব্যক্তিতে, দলে দলে ক্ষমতা নিয়ে। দলীয় স্বার্থ ও প্রাধান্য রক্ষার জন্য বলি হয়ে যায় উদ্দেশ্য। শুধু আত্মাভিমানের খোরাকের জন্য এক জাতি অন্য জাতির ওপরে প্রভুত্ব প্রতিষ্ঠার প্রাণান্তকর প্রচেষ্টায় মত্ত হয়। মানুষের মুক্তি চাই এই জঘন্য বিকৃতি থেকে, আত্ম-ধ্বংস থেকে। এর জন্যই চাই নিরাসক্ত দৃষ্টি, নিরহংকার চিত্ত। তবেই না কর্মের ওপরে প্রভুত্ব স্থাপন সম্ভব হবে।

চক্ষুর উন্মীলন

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত গোপীনাথ কবিরাজ, এম-এ, ডি-লিট্

আমাদের প্রচলিত গুরু প্রণামে একটি মন্ত্র আছে, তাহা এই—

"অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥"

ইহার তাৎপর্য্য এই যে যিনি অজ্ঞান-তিমিরান্ধ ব্যক্তির নেত্রকে জ্ঞানরূপ অঞ্জন-শলাকার দ্বারা খুলিয়া দেন তিনিই গুরু, তাঁহাকে প্রণাম। এখন কথা এই—এই অজ্ঞান তিমির বস্তুটি কি—উহার দ্বারা অন্ধ হওয়া বলিতে কি বুঝায় এবং জ্ঞানরূপ অঞ্জন শলাকার দ্বারা ঐ অজ্ঞানতিমিরকে অপসারিত করা ইহারই বা অর্থ কি—কে ইহা করেন এবং এই কার্য্যের ফলই বা কি—এই প্রশ্ন কয়টির সদুত্তর জানিতে পারিলে এবং তাহার তাৎপর্য্য হৃদয়ঙ্গম হইলে গুরুর মহিমা স্পষ্টভাবে বুঝিতে পারা যাইবে।

শাস্ত্রের সিদ্ধান্ত এই যে অনাদিকাল হইতে জীব অজ্ঞানে আচ্ছন্ন হইয়া রহিয়াছে। জীব স্বরূপতঃ বস্তুতঃ শিবস্বরূপ হইলেও সে তাহার এই নিত্যস্বরূপ সাক্ষাৎভাবে উপলব্ধি করিতে পারিতেছে না। দ্বৈতবাদ অথবা অদ্বৈতবাদ উভয় পক্ষের দৃষ্টিকোণ হইতেই জীবের এই অনাদি অবিদ্যা-সম্বন্ধ স্বীকৃত হইয়াছে। কেন যে এই সম্বন্ধ সংঘটিত হইল তাহা বুদ্ধিজীবী মনুষ্যের পক্ষে বিচারের দ্বারা নির্ণয় করা কঠিন। নিজ নিজ দৃষ্টিকোণ হইতে ইহার ভিন্ন ভিন্ন উত্তর পাওয়া যায় এবং এই সকল উত্তর ভিন্ন হইলেও তত্ত্ব দৃষ্টিতে ইহাদের মধ্যে বিশেষ কোন পার্থক্য নাই, কিন্তু উহার আলোচনা এই প্রসঙ্গে অনাবশ্যক।

আত্মা স্বরূপতঃ অখণ্ড চৈতন্যস্বরূপ, তাহাতে অনন্ত শক্তি অভিন্নরূপে বিদ্যমান রহিয়াছে। সংক্ষেপতঃ এই সকল শক্তিকে জ্ঞান ও ক্রিয়ার অন্তর্ভুক্ত করিয়া লওয়া

যাইতে পারে। অতএব জ্ঞান ও ক্রিয়ার যেটি অভিন্ন পূর্ণরূপ তাহাই বিশুদ্ধ চৈতন্যশক্তি, কিন্তু জীবরূপী আত্মা এই বিশুদ্ধ শক্তির স্ফুরণ অনাদিকাল হইতে না পাওয়ার দরুণ অল্পজ্ঞ ও অল্পশক্তিরূপে সংসারী সাজিয়া মায়িক জগতে নিজ নিজ অধিকার অনুরূপ ক্ষেত্রে বিচরণ করিতেছে। চৈতন্যশক্তি লুপ্ত না হইলেও লুপ্তবৎ বিদ্যমান রহিয়াছে। কুণ্ডলিনীর নিদ্রাবস্থা ইহারই নামান্তর। এই শক্তিকে প্রবুদ্ধ বা জাগ্রত করাই মনুষ্য জীবনের উদ্দেশ্য, কারণ এই শক্তি জাগ্রত হইলেই জীব জীবভাব হইতে মুক্ত হইয়া শিবভাবে অবস্থান করিতে সমর্থ হয়।

কুণ্ডলিনী শক্তি প্রতি মনুষ্যের দেহে মেরুদণ্ডের নীচে নির্দ্দিষ্ট স্থানবিশেষে সুপ্ত হইয়া আছে। জাগতিক কোন কর্ম্মের দ্বারা, এমন কি অলৌকিক পুণ্যরাশি সঞ্চয় করিলেও, এই শক্তিকে প্রকৃষ্টরূপে জাগাইবার সামর্থ্য জন্মে না। যোগশাস্ত্রের প্রারম্ভিক যাবতীয় সাধনা এই শক্তিকে জাগাইবার জন্যই অভিপ্রেত। এই শক্তির জাগরণ সাধারণতঃ ক্রমশঃই হইয়া থাকে, কদাচিৎ কাহারও অক্রমেও ঘটিতে পারে। যাহাকে সাধারণত: ষট্‌চক্রের সাধনা বলা হয় তাহা প্রকৃত পক্ষে এই শক্তিকে জাগাইয়া উহাকে ঊর্দ্ধমুখী করার সাধনা। শক্তির এই ঊর্দ্ধমুখী প্রগতি চক্রের পর চক্র ভেদ করিয়া আজ্ঞাচক্রের ঊর্দ্ধস্থলে বিন্দুতে যাইয়া নিবৃত্ত হয়। ভূতশুদ্ধি ও চিত্তশুদ্ধির সাধনা ইহারই ন মান্তর। এই সাধনা সম্যক্‌প্রকারে অনুষ্ঠিত হইলে ষট্‌চক্র ভেদ করিয়া সাধক বিন্দুস্থান অধিকার করিতে পারে। তখন মাধ্যাকর্ষণ থাকে না, কর্ম্ম সংস্কারের আবরণ তিরোহিত হইয়া যায় এবং অস্ফুটভাবে হইলেও ঊর্দ্ধ আকর্ষণের ক্রিয়া অনুভূত হইতে আরম্ভ হয়।

প্রকারান্তরে বলা যাইতে পারে, আত্মা তখন অবিদ্যা সংস্কার হইতে মুক্ত হইয়া শুদ্ধবিদ্যালাভের অধিকার প্রাপ্ত হয়। এই শুদ্ধবিদ্যাই চৈতন্য শক্তির উন্মেষ যাহা গুরু কৃপায় জীব যথাসময়ে অনুভব করিতে পারে। গুরু প্রণামে যাহাকে চক্ষুর উন্মীলন বলা হইয়াছে তাহা জীবের সম্যক্‌জ্ঞানরূপী চক্ষুর উন্মীলন বলিয়া বুঝিতে হইবে। যিনি এই দিব্য জ্ঞানচক্ষু উন্মীলন করিয়া দেন তিনিই প্রকৃত সদ্‌গুরু। এই চক্ষুর উন্মীলন করিবার জন্য তাঁহাকে তৎকালে বিরুদ্ধ শক্তির

আশ্রয় গ্রহণ করিতে হয়। এই শক্তি অবলম্বন করিয়া সাধককে অবিদ্যা হইতে অব্যাহতি প্রাপ্ত হইতে হয় এবং অবিদ্যা হইতে মুক্ত হইয়া বিদ্যা বা জ্ঞান হইতেও মুক্তিলাভ করিতে হয়।

অবিদ্যা হইতে মুক্ত হওয়ায় সঙ্গে সঙ্গে উন্মীলিত তৃতীয় নেত্রের উজ্জ্বল ছটা স্পষ্টভাবে দৃষ্টির সম্মুখে প্রকাশ পাইতে থাকে।

বিশুদ্ধ আত্মজ্ঞানই জ্ঞানাঞ্জনশলাকা—ইহা শ্রীশ্রীসদ্‌গুরু জীবাত্মাকে অনুগ্রহ করিবার সময় তাহাতে সঞ্চার করিয়া থাকেন।

অজ্ঞানের প্রকৃত স্বরূপ নিজ আত্মা হইতে ভিন্নরূপে জগৎকে দেখা, কিন্তু বস্তুত: জগৎ নিজ আত্মা হইতে ভিন্ন নহে—উহা আত্মারই তিরোহিত প্রকাশমাত্র। যখন সদ্‌গুরুর অনুগ্রহে শুদ্ধ জ্ঞানের অঙ্কুর হৃদয়ে রোপিত হয় তখন যোগীর দৃষ্টিতে দ্বিতীয় বোধ থাকে না। প্রতি বস্তুই তখন প্রথমে নিজ সত্তা হইতে বিসৃষ্ট অংশ মাত্র রূপে প্রতীত হয় অর্থাৎ সমগ্র বিশ্ব তখন শিবরূপী আত্মার শক্তিরূপ ধারণ করে—ইহারই নাম দিব্য চক্ষুর উন্মীলন এবং তদ্‌দ্বারা সত্য বস্তুর নিরীক্ষণ।

কিন্তু এই মহান পরিবর্ত্তন কখনই সম্ভব হইতে পারে না যদি গুরুরূপী আত্মা নিজ শক্তির দ্বারা কুণ্ডলিনীকে জাগ্রত করিয়া উহাকে উর্দ্ধমুখে প্রেরণা না করেন। ভেদজ্ঞান কাটিয়া গেলে প্রতি বস্তুর সহিত ব্যক্তিগত অভেদজ্ঞান জাগে বলিয়া সমগ্র বিশ্বকে নিজের অভিন্ন স্বরূপ বলিয়া মনে হয়, ইহাই প্রেমের অভিব্যক্তি। ইহারও মূল পূর্ব্বোক্ত গুরুকৃপা সংজাত অভেদ দৃষ্টির উন্মেষ। সুতরাং মল পরিপক্ক হইলে গুরু কৃপার উদয় হউক অথবা গুরুকৃপার আবির্ভাববশত: মল পরিপক্ক হউক, যে কোন প্রকারে প্রজ্ঞাদৃষ্টির উন্মীলন হইলেই ব্রহ্মস্বরূপ এই মহাজ্ঞানের উদয় হয় যাহার ফলে জীবন্মুক্তি স্বভাবতঃ ফুটিয়া উঠে। ইহাই জীবনের চরম সফলতা এবং ইহার প্রাপ্তির মূলে শ্রীগুরুর অনুগ্রহ। গুরুর মাহাত্ম্য ইহা হইতে স্পষ্টই বুঝিতে পারা যাইবে।

আনন্দম্

শ্রীবিভূপদ কীর্ত্তি

জন্ম হবার আগে মোরে
কোথায় রেখেছিলে ?
সাগর-ভরা তরঙ্গে, না
শান্ত সুদূর নীলে ?

তোমার বুকের দোলায় দুলে
কতোই জনম রইনু ভুলে,
তোমায় জানা হয়নিকো তাই
বিশাল এ-নিখিলে।

আজ-ও আমার বক্ষে নাচে
অশান্ত সেই দোলা ;
তোমার স্মরণ-মণির-মালা
সহজ কি তাই ভোলা।

বুকের তালে রক্তধারায়
দোল দিয়ে সে কোথায় হারায় ;
খেলার ছলে আমার যে-ধন
ফিরিয়ে আমায় দিলে।

জ্ঞান ও কর্ম

ডাঃ নলিনী ব্রহ্ম

শাস্ত্র বলিতেছেন "নাভুক্তং ক্ষীয়তে কর্ম কল্পকোটিশতৈরপি।" কর্মের ফল ভোগ না করা হইলে শতকোটি কল্পেও কর্ম ক্ষয় হয় না। কিছুতেই কর্মের ফল-ভোগ হইতে অব্যাহতি নাই—কর্মের ফল অবশ্যই ভোগ করিতে হয়। আবার সব উপনিষদের সার শ্রীমদ্‌ভগবদ্গীতাতে শ্রীভগবান বলিতেছেন ঃ

যথৈধাংসি সমিদ্ধোঽগ্নিঃ ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন।
জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্মাণি ভস্মসাৎ কুরুতে তথা॥

প্রজ্বলিত অগ্নি কাষ্ঠসমূহকে যেমন ভস্মসাৎ করিয়া ফেলে, সেইরূপ হে অর্জ্জুন, জ্ঞানরূপ অগ্নি সমস্ত কর্মকে ভস্মসাৎ করে। জ্ঞানাগ্নি প্রজ্বলিত হইলে অনাদিকাল-সঞ্চিত সমস্ত কর্ম ভস্মীভূত হইয়া যায়। একবার পরমার্থ-জ্ঞানের উদয় হইলে আর কোনও কর্মের ফল ভোগ করিতে হয় না। এই শ্লোকের টীকায় ভগবান্ শঙ্করাচার্য্য বলিয়াছেন যে "সর্ব্বকর্মাণি" বলিতে "প্রারব্ধব্যতিরিক্তানি সর্ব্বকর্মাণি" অর্থাৎ প্রারব্ধ ভিন্ন অন্য সমস্ত কর্ম ভস্মীভূত হইয়া যায়। কর্ম তিন প্রকার—সঞ্চিত, প্রারব্ধ বা ক্রিয়মাণ এবং আগামী। জ্ঞানের উদয় হইলে সঞ্চিত এবং আগামী কর্মের ধ্বংস হয়, কিন্তু প্রারব্ধ অর্থাৎ যে কর্ম ফল দিতে আরম্ভ করিয়াছে তাহার নাশ হয় না। ইহা লইয়া বহু বিচার আছে। 'সর্ব' পদে সমস্ত কর্ম না বুঝাইয়া কেন প্রারব্ধ ভিন্ন অন্য সমস্ত কর্মকে বুঝাইবে তাহার কারণ বুঝা যায় না। জ্ঞান যদি প্রারব্ধ কর্মকে ক্ষয় না করিতে পারে তাহা হইলে জ্ঞান যে কোনও কর্মকে নাশ করিতে পারে তাহারই বা প্রমাণ কি? শঙ্করাচার্য্য নিজেই অন্যত্র বলিয়াছেন যে অজ্ঞজনকে বুঝাইবার জন্যই শাস্ত্রে প্রারব্ধকর্মের কথা বলিয়াছেন। বাস্তবিক প্রারব্ধ বলিয়া কিছুই নাই। জীবন্মুক্তের যদি প্রারব্ধকর্মের

অধীনতা থাকে তাহা হইলে তাঁহার মুক্তি হইল কিরূপে? কর্মের বন্ধন তাঁহার কাটিল কৈ? প্রারব্ধের ফল জীবন্মুক্তের ভোগ করিতে হয় কি না এই বড় প্রশ্নের বিচার করা আমার এই প্রবন্ধের উদ্দেশ্য নহে। আমার "Philosophy of Hindu Sadhana" গ্রন্থে আমি এ বিষয়ে সুদীর্ঘ আলোচনা করিয়াছি। এখানে আমি শুধু সর্ববাদিসম্মত বিষয়টির আলোচনা করিতে চেষ্টা করিব। হিন্দু, বৌদ্ধ, জৈন—সকলেই কর্মফলে একান্ত বিশ্বাসী। কর্মের ফল ভোগ করিতেই হয়, কাহারও কর্মফল ভোগ না করিয়া নিস্তার নাই, ইহাই সাধারণ বিশ্বাস। অথচ জ্ঞান যে সঞ্চিত কর্ম নাশ করে এবং আগামী কর্ম জন্মিতে দেয় না ইহাতে সকলেরই সম্মতি আছে। কিন্তু ইহা কি করিয়া সম্ভব হয়? জ্ঞানের দ্বারা কর্মক্ষয় হয় কিরূপে? ইহাই একটু বুঝিতে চেষ্টা করিব।

কর্মের জন্য প্রয়োজন কর্ত্তা, কর্ম ও ক্রিয়া। তত্ত্বজ্ঞানের উদয়ে কর্ত্তা, কর্ম ও ক্রিয়ারূপ ত্রিপুটির বিলয় হয়। তত্ত্বজ্ঞান হইলে 'আমি কর্ত্তা' এই বোধ থাকিতে পারে না। দেহাত্মবোধ না থাকিলে 'আমি কর্ত্তা' এই বুদ্ধি থাকে না—সুতরাং কোন কর্ম সম্পন্ন হইতে পারে না। দেহের দ্বারা নিষ্পাদ্য কোনও ক্রিয়াও হইতে পারে না, চিন্মাত্র আত্মার বোধ হইলে কর্ত্তৃত্ব বোধ থাকিতে পারে না। 'অহঙ্কার' হইতেছে চিৎ ও অচিৎ এই দু'য়ের গ্রন্থি হইতে উদ্ভূত। সুতরাং চিন্মাত্র আত্মার বোধ হইলে 'অচিৎ'এর সহিত এই চিৎস্বরূপের সম্বন্ধ হইতে পারে না, তাই অহং-বুদ্ধির উদয় হয় না। অহঙ্কারের অভাবে কর্ত্তৃত্ববোধ আসিতে পারে না। তাই জ্ঞানীর কর্ম অসম্ভব হইয়া পড়ে।

এখন প্রশ্ন হয়, জ্ঞানের উদয়ের পরে না হয় কর্ম না হইল, কিন্তু জ্ঞানোদয়ের পূর্ব্বে যে সব সঞ্চিত কর্ম ছিল তাহার ফলভোগ হইবে না কেন? জ্ঞান সেই সব সঞ্চিত কর্মকে নাশ করিবে কিরূপে? একটি সহজ উদাহরণের দ্বারা এই কথা বুঝিবার চেষ্টা করিব। এখনকার বিচারালয়ে কোনও আসামীকে দণ্ড দিতে হইলে প্রথম প্রয়োজন আসামীর বুঝিবার শক্তি যে সে অপরাধ করিয়াছে এবং ঐ অপরাধের জন্য তাহাকে দণ্ড দেওয়া হইতেছে। যদি আসামী বিকৃত-

মস্তিষ্ক হয় তবে তাহার প্রতি দণ্ডাদেশ দেওয়া চলে না। আসামীকে বুঝিতে হইবে যে সে অপরাধ করিয়াছে এবং সেই অপরাধের জন্য তাহার প্রতি দণ্ডাদেশ হইতেছে। যদি কোনও খুনী আসামী বিকৃত মস্তিষ্ক হয় তবে তাহার বিচার চলে না এবং যতদিন পর্য্যন্ত সে পুনরায় সুস্থ-মস্তিষ্ক না হয় ততদিন পর্য্যন্ত তাহার বিচার স্থগিত থাকে। এখানেও এই দৃষ্টান্তের দ্বারা ব্যাপারটি বুঝা যাইবে। জ্ঞানীর দেহাত্মবুদ্ধি নাই, তিনি দেহ, ইন্দ্রিয়, প্রাণ, মন, বুদ্ধি কিছুর সঙ্গেই তাঁহার অভেদ দেখতে পান না। তিনি এ সকল হইতেই ভিন্ন বলিয়া নিজেকে দেখেন। তাহা হইলে দেহ, ইন্দ্রিয়, প্রাণ, মন ও বুদ্ধি যাহা করিয়াছে তাহার জন্য তিনি ফলভোগ করিবেন কেন? খুন করিল একজন, ফাঁসি হইবে আর একজনের, ইহা কি যুক্তিযুক্ত? তাই মানুষ যেদিন প্রকৃত জ্ঞানী হন, সেদিন তাঁহার সব বন্ধন কাটিয়া যায়, তিনি দেহ ধারণ করিয়া থাকিলেও তিনি মুক্ত। কোনও কর্ম্মের লেপ তাঁহাকে স্পর্শ করে না, তিনি দেখতে পান যে আত্মা চিরদিনই মুক্ত। আত্মা দেহ নহে, ইন্দ্রিয় নহে, মন নহে, বুদ্ধি নহে, সুতরাং আত্মা সমস্ত কর্ম্ম হইতে ঊর্দ্ধে। তাই জ্ঞানীকে কোনও কর্ম্ম লেপ দিতে পারে না। কি সঞ্চিত, কি বর্ত্তমান, কি আগামী কোনও কর্ম্মই তাঁহার থাকিতে পারে না। তিনি কর্ম্ম করিয়াছিলেন এই বুদ্ধি তাঁহার না আসিলে তিনি কেমন করিয়া ঐ কর্ম্মের জন্য দায়ী হইবেন? আত্মা কোনও দিন কিছুই করেন না—আত্মার কর্ম্ম নাই। তাই জ্ঞানীর কর্ম্ম নাই, কর্ম্মলেপ নাই, কর্ম্মফল নাই। তিনি কর্ম্মের ঊর্দ্ধে সর্ব্বদা অবস্থিত। শ্রীশ্রীমা যে বলেন "আমি কোথায়ও যাই না, কোথায়ও কিছুই খাই না", এ সব কথাই যে পরম সত্য—ইহাতে কোনও সন্দেহ নাই।

মাতৃসঙ্গে সত্যানিল

নয়

ভাইজীর বৈরাগ্য ও কৃচ্ছ্রসাধন

মা ব'লে থাকেন মাকে যে যেমন বাজায়, মা তেমনি বাজেন।* কিন্তু এবার বিন্ধ্যাচলে দেখলাম মাঝে মাঝে ভাইজী প্রসঙ্গে মা যেন আপনি-ই বেজে বেজে উঠতেন; কার-ও বাজাবার অপেক্ষা রাখতেন না। এখানকার পরিবেশ এতোই অনুকূল ছিল।

একদিন মা ভাইজী-চরিত্রের একটি বিশেষ দিক বর্ণনা করলেন—তাঁর তীব্র বৈরাগ্য এবং কঠোর কৃচ্ছ্রসাধন। এককালে Mr. J. C. Roy, I. S. O. ছিলেন ইংরেজ আমলের বড়ো অফিসার। আহারে ও পরিচ্ছদে ছিল তাঁর আভিজাত্যের পরিচয়। কিন্তু সংসার ত্যাগ ক'রে মায়ের জ্যোতিষ যখন মায়ের সঙ্গে দেরাদূন অঞ্চলে ছিলেন, তখন ভাইজীর ছিল নিষ্কিঞ্চন ভিক্ষুর ধারা। তখন তাঁর গায়ে জামা থাকতো না, কাপড়খানি ছিল হাঁটু পর্য্যন্ত।

একবার ভাইজীর খেয়াল হল—জুতা পরা ছেড়ে দিলেন। গোরক্ষপুরে গাড়ী বদলের সময়ে গাড়ীতে তাঁর জুতা প'ড়ে রইল, যখন জুতার কথা মনে পড়ল, তখনো জুতা আনবার সময় যথেষ্ট ছিল, কিন্তু সে-জুতা নিয়ে আসবার খেয়াল ভাইজীর

---

* ১১।১০।৬০ তারিখে দেরাদূনে শ্রীশ্রীমাকে এই রচনা শোনানো হয়েছিল। প্রথম লাইনে "মা তেমনি বাজেন"—এই অংশটুকু শুনে মা বললেন "কথাটা এই রকম বলা হয়—যে যেমন বাজায়, সে তেমনি শোনে।" মায়ের অট্টহাস্য থেকে বোঝা গেল যে লেখকের দৃষ্টিভঙ্গীটি ছিল মূলতঃ ভ্রান্ত। মা বললেন—"প্রথমে-ই ফেল!" মায়ের পরিহাসটি পরম সুমধুর। বাস্তবিক "বাজানো" ব্যাপারটি জীবের সৃষ্টি; সেই "বাজানো"-র তারতম্য অনুসারে ব্রহ্ম বস্তুর কোনও পরিবর্ত্তন ঘটেনা। সচ্চিদানন্দময়ী মা এক-ই; জীব-দৃষ্টিতে তিনি বিচিত্ররূপিণী—যে যেমন বাজায়, সে তেমনি শোনে।

হ'ল না। তখন থেকে আরম্ভ হল ভাইজীর নগ্নপদবৃত্তি। ঠাণ্ডায়, পাহাড়ে দেশে চলাফেরা করে তাঁর পা ক্ষতবিক্ষত হয়ে যেতো, ফুলে উঠতো। তাতে ভাইজীর কোনও ভ্রূক্ষেপ ছিল না। মা বললেন কিছুকাল পরে ভাইজী আবার জুতা পরা আরম্ভ করেছিলেন।

এ কি রকম হ'ল? ভাইজীর মতন মানুষ একবার সংকল্প ক'রে সে-সংকল্পকে ত্যাগ করলেন! এর কারণ কি? "আতুরে নিয়মো নাস্তি"—এই নীতিতে কি ভাইজী জুতা পরে শারীরিক কষ্ট দূর করলেন? কিন্তু শারীরিক কষ্টকে যে ভাইজী গ্রাহ্য করবেন তা তো মনে হয় না! তবে কি ভাইজীর ক্ষতবিক্ষত পা দেখে হয়তো বা মা মনে মনে ব্যথা পেয়েছিলেন ব'লে তিনি জুতা পরলেন? তা-ও তো ঠিক মনে লাগছে না। ভাইজীর শারীরিক অস্বাচ্ছন্দ্যের জন্য মা কি আর মনে মনে ব্যথা পেয়ে থাকবেন? যাকে মা কষ্ট দিতে চান, তাকে তো কষ্ট-ই দেন। কষ্ট সহ্য করবার শক্তি দিয়ে, মা নির্ম্মমভাবে তার কষ্টের মাত্রা উত্তরোত্তর বাড়িয়ে দেন। এই রকম দেওয়াতে-ই যে মায়ের বিশেষ কৃপা, ভাইজী তা বিলক্ষণ জানতেন। নিগ্রহ-কৃপাকে তিনি ভীতির চোখে দেখতেন না।

ভাইজীর নতুন করে জুতা পরার কারণটি মায়ের মুখ থেকে-ই অবশেষে শুনলাম—ভাইজী জুতা ধরলেন তখনই, যখন তিনি নিঃসংশয়ে বুঝলেন যে এমন একটি অবস্থাতে তিনি পৌঁছেছেন যেখানে জুতা পরা আর জুতা না পরার মধ্যে কোনও প্রভেদ নেই। সাধারণ জীবের পক্ষে জুতা পরার সুখটি আপেক্ষিক সুখ—অর্থাৎ ঐ সুখ জুতার অপেক্ষা রাখে; জুতার অভাবে ঐ সুখের আস্বাদন হয় না। তেমনি, সাধারণ জীবের পক্ষে জুতা না থাকলে একটা অস্বাচ্ছন্দ্য এবং ক্লেশ বোধ হয়; জুতা পরলে তার উপশম হয়। ভাইজী এই দ্বন্দ্বের ঊর্দ্ধে উঠে তখন বুঝলেন জুতা পরা আর না পরা তাঁর কাছে সমান।

মায়ের কথায় মনে হল ভাইজীর পাদুকা-পরিত্যাগে-ও মায়ের অনুমোদন ছিল এবং অবশেষে তাঁর পাদুকা-গ্রহণে-ও মায়ের অনুমোদন ছিল।

ভাইজীর নগ্নপদ যখন ক্ষতবিক্ষত হ'য়ে যেত, সেই দৃশ্য দেখে আমাদের

পাষাণী-করুণাময়ী মা খুশী হ'তেন কি ব্যথা পেতেন—মায়ের কথা থেকে তা' ঠিক বোঝা গেল না।

দশ

বাসাংসি জীর্ণানি

রক্তমাংসের শরীরটা যে জীর্ণবস্ত্রের মতো একদিন চলে যাবে-ই,—এ কথা ভাইজী উপলব্ধি করেছিলেন। সেই জন্য তিনি শরীরের স্বাচ্ছন্দ্য সম্বন্ধে ছিলেন একেবারে উদাসীন ; এমন কি নিজের শরীরের অস্তিত্ব সম্বন্ধেও ছিলেন একেবারে নির্ব্বিকার। তারাপীঠে একবার ভাইজী মাকে বলেছিলেন তাঁর (ভাইজীর) নিজের শরীর থাকলেই বা কি আর না থাকলেই বা কি ? ভাইজী মাকে একথাও বলেছিলেন যে ইচ্ছা করলে তাঁর (ভাইজীর) শরীর শেষ করা-ও তো যায়। মা তার কী উত্তর দিয়েছিলেন সে-কথা বিন্ধ্যাচলে মায়ের মুখে শুনেছিলাম, কিন্তু মায়ের ভাষা মনে নেই। যতদূর মনে পড়ে, মা ভাইজীকে বলেছিলেন "আচ্ছা দেখি কি রকম হয়।"

তারপরে ভাইজী অলৌকিক শক্তির বলে নিজের শরীরকে এমন একটি অবস্থাতে এনে ফেলেছিলেন যে, তাঁর লক্ষণ দেখে উপস্থিত সকলে আতঙ্কিত হয়েছিলেন। তখন স্বামী অখণ্ডানন্দ (ভূতপূর্ব্ব সিবিল সার্জ্জন শ্রীশশাঙ্কমোহন মুখোপাধ্যায়) মনে করেছিলেন বুঝি বা ভাইজীর দেহান্ত হয়ে গেল। মা বললেন ভাইজীর প্রাণবায়ুর ঊর্দ্ধগতি মায়ের দৃষ্টিতেও লক্ষিত হয়েছিল। সেই সময়ে মা ভাইজীর অঙ্গ স্পর্শ করে "নারায়ণ" নাম উচ্চারণ করলেন এবং অট্টহাস্য করলেন। মায়ের সেই অট্টহাস্য শুনে পাশের ঘরে যাঁরা ছিলেন তাঁরা মনে করেছিলেন সব বুঝি শেষ হয়ে গেল।

কিন্তু মায়ের ইচ্ছা না হলে কোনও জিনিস শেষ হয় না, কোনও জিনিস আরম্ভও হয় না। মায়ের কৃপায় সে-যাত্রা ভাইজীর প্রাণরক্ষা হ'ল। মায়ের ইচ্ছায় ভাইজীকে জীবের কল্যাণের জন্য আরও কিছুদিন ধরাধামে থাকতে হয়েছিল।

ভাইজীর নিজের দেহের প্রতি মমতা ছিল না। আয়ু শেষ হয়ে গেলে তাঁর দিক থেকে কোনও আপত্তি ছিল না। তাঁর প্রাণবায়ু যখন কণ্ঠাগত, তখন মা ভাইজীর পুনর্জন্ম ঘটালেন। মায়ের ব্যবস্থাই ভাইজী হাসিমুখে গ্রহণ করলেন।

পাদুকা পরিত্যাগব্রত উদ্‌যাপনের পর ভাইজী যেমন পরিধানেরও উর্দ্ধে উঠেছিলেন, পরিত্যাগেরও উর্দ্ধে উঠেছিলেন, তেমনি মায়ের দেওয়া পুনর্জন্মের পরে ভাইজী সমভাবে বাঁচা ও মরার উর্দ্ধে উঠেছিলেন বলে মনে হয়। মৃত্যুকে যে ভয় করে না, তার পক্ষে শরীর থাকাও যা, শরীর না থাকাও তাই।

এগারো

ভাইজীর ধ্যান ধারণা

মা একদিন বললেন, "আসনে ব'সে জ্যোতিষের ধ্যান ধারণার ব্যাপারটি খুব বেশী ছিল না, যেটুকু ছিল একেবারে গোপনে।" অধিকাংশ সাধককে দেখা যায় সকাল সন্ধ্যায় নিয়মিত ভাবে পূজা জপ ধ্যান ইত্যাদি করেন। সেই সময়টিতে ভাইজীকে দেখা যেত কাগজপত্র নিয়ে মহা ব্যস্ত। চিঠিপত্র এবং বই লেখা— এই ছিল তাঁর প্রকাশ্য প্রোগ্রাম। আসল জপ ধ্যান অখণ্ড ভাবে চলতো মনের মধ্যে অন্তঃশীলা ফল্গুধারার মতো। বাইরের কোনও বিঘ্ন সেই জপধ্যানের একাগ্রতা এবং গভীরতাকে কখনো ক্ষুণ্ণ করতে পারেনি। প্রত্যেক জাগতিক কাজকে-ও মায়ের চরণে নিবেদন করতেন বলেই ভাইজীর জীবনব্যাপী কর্ম্মকলাপ দিনের পর দিন তাঁকে মায়ের দিকেই এগিয়ে দিয়েছে।

সাধন-ভজন ভাইজী যা' কিছু করতেন, সে সব গোপনে, গভীর রাত্রে। "যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।" মা বললেন:—"তোমরা জ্যোতিষের দেরাদূনের ব্যাপার জানো তো?" আমরা বললাম:—"না।" তারপরে, কোনও কথা উচ্চারণ করবার আগেই মা হাসতে আরম্ভ করলেন। প্রথমে মা শুয়ে ছিলেন, হাসতে হাসতে উঠে বসলেন। হাসির বেগে মায়ের মুখচোখ লাল হয়ে গেল, ঘন ঘন কাশি আরম্ভ হল এবং শেষে চোখ দিয়ে দুই এক

ফোঁটা জল-ও গড়াচ্ছে মনে হ'ল। মায়ের হাসির লীলা উদ্‌যাপন হওয়ার পরে আরম্ভ হ'ল মায়ের মুখে ভাইজীর দেরাদুনে ভজন কাহিনী।

সে অনেক দিনের কথা। মা তখন দেরাদুনে আনন্দ চকে একটি দেবালয়ে বাস করতেন। মাঝখানে একটি প্রাঙ্গন। দুই প্রান্তে দুটি মন্দির—একটি শিবমন্দির, একটি রাধাকৃষ্ণ মন্দির। শিবমন্দিরটিতে ভাইজী গভীর রাত্রে একান্তে জপধ্যান করতেন, সে-খবর কার-ও জানা ছিল না।

একদিন মধ্যরাত্রে মেঘে-ঢাকা জ্যোৎস্নার ধূসর আলোকে মনে হচ্ছিল যেন উষাকাল আগত প্রায়। রাত্রি প্রভাত হতে চলেছে এই ভ্রান্তিতে পুরোহিত মহাশয় পূজার জন্য শিবমন্দিরে এসেছেন। ভাইজী দূর থেকে যখন আগন্তুককে দেখলেন তাঁর মনে হল তাঁকে দেখে পুরোহিত হয়তো ভয় পেয়ে যাবেন এবং হোঁচট খেয়ে শিবলিঙ্গের উপর পড়ে যেতে পারেন। অবস্থা গুরুতর বুঝে ভাইজী আসন ত্যাগ করে সোজাসুজি এগিয়ে এসে পুরোহিত মহাশয়কে জড়িয়ে ধরলেন।

সেদিনের সেই ঘটনার পরে কার-ও জানতে বাকি রইল না যে সারাদিন যিনি কাগজ-কলম নিয়ে ব্যস্ত থাকেন, প্রকাশ্যে সাধন-ভজনের দিক দিয়ে-ও যান না, তিনি আসলে একজন ভস্মাচ্ছাদিত বহ্নি।

বারো

"আশার নাশ-ই সর্ব্বনাশ"

এবার বিন্ধ্যাচলে ভাইজীর কথা বলে বলে মায়ের বলা শেষ হচ্ছে না। কেবল-ই মা যখন-তখন ফিরে ফিরে আসছেন ভাইজী-প্রসঙ্গে। মা বলেন, "আশার নাশ-ই সর্ব্বনাশ।" ভাইজী সেই সর্ব্বনাশ চেয়েছিলেন; সেই সর্ব্বনাশ-ই পেয়েছিলেন। ভাইজীর শেষ জীবনে স্থূলদৃষ্টিতে সমস্যার সীমা ছিল না—শরীরটি একেবারে ভাঙ্গা, পারিবারিক অশান্তি, আত্মীয়-স্বজনের কাছে কুখ্যাতি। এই সমস্ত সমস্যা কখনো ভাইজীকে বিচলিত করেনি, গন্তব্য পথ থেকে বিচ্যুত করেনি। কোনও জাগতিক সমস্যার জন্য তিনি কখনো মায়ের সাহায্য প্রার্থনা করতেন না।

তিনি মাতৃসঙ্গ চেয়েছিলেন, মাকে-ই পাবার জন্য, মাকে নিজের কোনও কাজে লাগাবার জন্য নয়। এমন কি আশ্রমের কোনও বৈষয়িক ব্যাপারে-ও ভাইজী মাকে জড়াতে চাইতেন না। মা বললেন, "জ্যোতিষ বলতো এ-সব কাজ আমরা-ই করে নিই। মাকে আর এর মধ্যে কেন টানা ?"

উপদেশ এবং আচরণ দ্বারা ভাইজী এই শিক্ষা দিয়ে গেছেন যে মায়ের কাছে প্রার্থনা করতে হয় একমাত্র পারমার্থিক বিষয়। এই সূত্রে মায়ের মুখের একটি পুরাণো কথা মনে পড়ে ঃ—"দুঃখের তাড়নায়, কোনও স্বার্থের জন্য মাকে কোনও রহস্যময়ী আশ্রয় ভাবিও না। মনে রাখিও তিনি সকল সময়ে তোমার প্রাণশক্তির মতো তোমার অতি নিকটেই রয়েছেন।"*

মা যে অতি নিকটেই অনুক্ষণ রয়েছেন এই সত্যটি ভাইজী নিঃসংশয়ে জেনেছিলেন। ঐটুকু জানার ফলে সাধারণের পক্ষে যা' সর্ব্বনাশ বলে মনে হয় ভাইজীর চোখে তা'-ই হয়েছিল সর্ব্বমঙ্গলমঙ্গল্যার অযাচিত স্নেহের দান।

---

* মৌন-মিলনীর ৬ নং কার্ড।

মা

গোপাল *

(১)

মাগো,

এবার জনম পাইয়া ধরাতে,
পেয়েছি তোমারে আমি।
সুপ্তি ভাঙ্গিয়া ভরে দিলে চিতে,
মাতৃনাম সুধা আনি।
শিখাইলে মোরে মা বলে ডাকিতে
তোমারে লইতে চিনি।
স্থান দিলে মোরে চরণ ছায়াতে,
করুণাতে নিলে কিনি।
জানি না কেন যে, আমি না চাহিতে,
দরশন দিলে তুমি।
নিজ হতে আসি, কত না স্নেহেতে,
শোনালে আশার বাণী।
পারি নাই আমি তোমারে চিনিতে,
পারি নাই নিতে মানি।
তবু তুমি মোরে অসীম দয়াতে,
চরণে লইলে টানি।

---

* বারাণসীর প্রসিদ্ধ ডাক্তার ৺গোপালপ্রসাদ দাশগুপ্ত মহাশয় তাঁহার পরলোক গমনের পূর্ব্বে আমাদের হাতে তাঁহার লিখিত বহু প্রবন্ধ ও কবিতার পাণ্ডুলিপি দিয়া গিয়াছেন। পাঠক পাঠিকাদের ঐকান্তিক আগ্রহে উহা ধীরে ধীরে প্রকাশিত করিবার চেষ্টা করা হইবে।

—সম্পাদক।

দিও না আমারে তোমারে ভুলিতে
তুমি আছ যেন জানি।
থাকি যেন সদা তোমার সেবাতে,
নম্র বিনয়ে নমি।
ধন্য হয়েছি তোমার কৃপাতে,
ধন্য দিবস রজনী।
ধন্য হয়েছি চরণ ধূলাতে,
ধন্য হয়েছি আমি।

(২)

শান্তি ভুবনে,
শান্তি গগনে,
শান্তি বহুক পবনে।
শান্তি ভবনে,
শান্তি কাননে,
শান্তি সকল পরাণে।
শান্তি ধরমে,
শান্তি করমে,
শান্তি করুণা নয়নে।
শান্তি বচনে,
শান্তি বরণে,
শান্তি গানের ভজনে।
শান্তি আসনে,
শান্তি মননে,
শান্তি মায়ের চরণে।
শান্তি জীবনে,
শান্তি মরণে,
শান্তি মাতৃশরণে।

শ্রীশ্রীমা আনন্দময়ী-প্রসঙ্গ

চতুর্থ খণ্ড

শ্রীঅমূল্যকুমার দত্তগুপ্ত, এম-এ, বি-এল

(পূর্ব্বানুবৃত্তি)

কর্ত্তব্যবুদ্ধি হইতে আধ্যাত্মিক কাজ করিতে হয়

১৫ই জ্যৈষ্ঠ, বৃহস্পতিবার, ১৩৪৮ সন (ইং ২৯.৫.৪১) বেলা ৮টার সময় শ্রীশ্রীমা হল ঘরে আসিয়া বসিলেন। ইতঃপূর্ব্বে বলা হইয়াছে যে আমরা আমাদের থাকিবার জায়গা হল ঘরে করিয়াছিলাম, এবং ঐখানেই আমাদের বিছানা পাতা থাকিত। বিছানা বলিতে একটা ছোট শতরঞ্চি ও একটি কম্বল বুঝিতে হইবে। উহার উপর একটি সুজনী চাদর পাতা থাকিত, তাহাও রাস্তার ধূলা বালিতে অতি নোংরা দেখাইত। আমাদের বিছানার উপর শ্রীশ্রীমায়ের আজ লক্ষ্য পড়িল। তিনি জিজ্ঞাসা করিলেন, "এত ছোট বিছানায় তোমাদের শোয়ার অভ্যাস নাকি ? না, এখানে আসিয়া চেষ্টা করিয়া দেখিতেছ যে, সকল অবস্থার সহিত সামঞ্জস্য রাখিয়া চলা যায় কিনা ?

জিতেনবাবু। মনোমোহনবাবু আমাকে বলিয়াছেন যে, বাড়ীতে শয়ন করিতে তাহার ছয়টা বালিশ লাগে। এখানে এইভাবেই চলিতেছে। আমরা বাড়ীতে যে একটু আলাদা ভাবে থাকি তাহার কারণ বোধ হয় এই যে, সেখানে আমরাই রাজা। আমার বাড়ীতে আমি রাজা, অমূল্যবাবুর বাড়ীতে অমূল্যবাবু রাজা। সেখানে আমাদের চেয়ে বড় কেহ নাই। সেইজন্য সকল জিনিষই আমাদের পদবী অনুযায়ী। আর এখানে আমরা অতি নগণ্য, তাই আমাদের বিছানা পত্রের এই অবস্থা। (সকলের হাস্য)

মা। (হাসিয়া) বাড়ীতে রাজা বলিতে একটা সীমাবদ্ধ জায়গার রাজা বুঝায়। সর্ব্বস্থানের, সর্ব্বাবস্থার রাজা ত তোমরা নও। আবার ইহাও লক্ষ্য

করিও যে, বাড়ীতে যদি ছেলেমেয়ের অসুখ হয় তখন গদীআটা বিছানায় শুইয়াও চোখে ঘুম নাই। তখন অনেক সময় হয়ত মনে হয় যে, বিছানায় কেন, যদি মাটিতে বসিয়া থাকিলেও ছেলেমেয়ের অসুখ ভাল হয় তবে তাহাতেও রাজী। তাই দেখিলে যে, বাড়ীতে তোমরা অভাবের রাজা। যদি সুনিদ্রা আসে তবে বিছানার জন্য আটকাইয়া থাকে না। আর যদি মানসিক অশান্তি থাকে তবে ভাল বিছানাও আরাম দেয় না। জাগতিক জিনিষের স্বভাবই এই যে এখানে সুবিধা চাহিলে, সুবিধার সঙ্গে অসুবিধাও আসিয়া পড়ে। তাই সুখে দুঃখে, সুবিধা অসুবিধাতে সর্ব্বাবস্থায়ই রাজা হইবার চেষ্টা করা উচিত।

সেইজন্য সকলকে যাহা বলি তোমাদিগকেও তাহা বলিতেছি। সপ্তাহে হউক, পনর দিনে হউক, কিংবা এক মাসে হউক একটা দিন কেবল তাঁহার কাজের জন্য রাখা। ঐ দিন একটা ঘরের মধ্যে থাকিবে, বাজে কথা বলিবে না, ধ্যান, জপ, পাঠ ইত্যাদিতে সমস্ত দিন কাটাইবে। যে আসন বা বিছানায় ঐ দিন কাটাইবে তাহা আলাদা করিয়া রাখিবে। এইভাবে চলিলে অনেক উপকার পাইতে পার।

আমি। ইহাতে কোনই উপকার হয় না।

মা। (জিতেনবাবুকে) বাবাজী, তুমিও তাহাই বল নাকি ?

জিতেনবাবু। (হাসিয়া) না, আমি তাহা বলিতে চাই না ; কারণ অমূল্যবাবু ঐ কথা বলিয়া বিপদে পড়িয়াছেন।

মা। (মনোমোহনকে) বাবাজী, তুমি কি বল ? তুমিও কি বল যে কোন উপকার হয় না ?

মনোমোহন। আমি তাহা বলি না। ইহাতে উপকার হইতে পারে, আবার নাও হইতে পারে।

মা। (হাসিয়া) বাবাজী অমূল্য এবং আমাকে সন্তুষ্ট করিতে চাহিতেছে। (সকলের হাস্য)

(আমাকে) কিছু হয় না এ কথা বলিতে পার না। যদি তাহা বল তবে ইহার পর ছেলেপেলেরা পড়িতে না চাহিলে তাহাদিগকে জোর করিয়া পড়াইতে পারিবে না। কারণ তাহারা দুই একবার পড়া শিখিতে চেষ্টা করিয়া যখন বহি ফেলিয়া পালায় তখন তাহারাও তোমাদের মত ব্যবহার করে। কিন্তু তখন ত তোমরা তাহাদিগকে গালাগালি দিয়া, মারধর করিয়া লেখাপড়া শিখাইতে চেষ্টা কর। এবং তোমরা ইহাও দেখিতে পাও যে তাহারা ঐরূপ অনিচ্ছা সত্ত্বে পড়িয়াও শেষে পণ্ডিত হইয়া উঠে।

আমি। মা, তুমি যে সংযমব্রতের উপদেশ দিতেছ উহা যে আজ প্রথম শুনিলাম তাহা নহে। ইহা পূর্ব্বে শুনিয়াছি এবং তদনুযায়ী কাজ করিতেও চেষ্টা করিয়াছি। কিন্তু কোনই ফল হয় নাই। বরং দেখিয়াছি যে সংযমের দিনেই যত ঝঞ্ঝাট বাড়ে। আধ্যাত্মিক অনুভূতি কিন্তু কিছুই আসে না। এই সব দেখিয়া মনে হইতেছে যে, যাক্ এ সব দিয়া কাজ নাই। যখন সময় হইবে তখন আপনিই হইবে।

মা। আমি বলিব তোমার সংযম ব্রত কিছুই করা হয় নাই। কারণ সর্ব্বদাই তোমার ফলের দিকে লক্ষ্য রহিয়াছে। হাতে হাতে ফল পাইব এইরূপ ভাবিয়া কোন কাজ করা, না করার মতই। আধ্যাত্মিক বিষয়ে ঝঞ্ঝাট সহ্য করিতে চাও না, কিন্তু প্রশংসা প্রতিষ্ঠার জন্য ত চেষ্টা করিতে পিছ পা হও না।

আমি। সেদিকে যে বেশী কিছু চেষ্টা করি তাহাও নয়।

মা। উহাও কিন্তু উচ্চ অবস্থা নয়। কোন দিকেই উদ্যম নাই, উৎসাহ নাই, ইহা ত জড়ের অবস্থা। জড় ভাব লইয়া থাকাই কি ভাল? আধ্যাত্মিক উন্নতির জন্য যে চেষ্টা করা তাহা কর্ত্তব্যবুদ্ধি হইতে করিতে হয়। ফলাফলের দিকে লক্ষ্য করিতে হয় না। তবে জানিও কর্ম্ম করিলে ফল পাওয়া যায়ই। আধ পয়সা আধ পয়সা করিয়া জমাইলেও সময়ে এক টাকা হয়। সকল কাজেরই একটা ফল আছে। কেবল কাজ করা কেন? কিছু দেখা, কিছু স্পর্শ করা,—সমস্ত

জিনিষেরই একটা প্রভাব আছে। এই সব কারণে সৎসঙ্গের এবং স্থান মাহাত্ম্যের কথা আসে। আবার এই সব কারণেই সাধক তাহার আসন, কাপড়, বিছানা ইত্যাদি অন্যকে ছুইতে দেয় না। আমরা যাহা আহার করি বা চিন্তা করি উহার গুণ আমাদের মধ্যে আসিয়া পড়ে এবং উহাও আমাদিগকে পরিবর্ত্তিত করে।

